# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়ামের ক্ষেত্রে নূন্যতম যা থেকে বিরত থাকতে হয় তা হল পানাহার থেকে বিরত থাকা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَقَلَّ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ اجْتِنَابُهُ فِي صَوْمِهِ الْأَكْلَ وَالشُّرْبَ

আরবী

3470 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ خَلِيلٍ حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا الْحَارِثُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي ذُبَابٍ عَنْ عَمِّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (إِنَّ الصِّيَامَ لَيْسَ مِنَ الْأَكْلِ وَالشُّرْبِ فَقَطْ إِنَّمَا الصِّيَامُ مِنَ اللَّغْوِ وَالرَّفَثِ فَإِنْ سَابَّكَ أَحَدٌ أَوْ جَهِلَ عَلَيْكَ فَقُلْ إِنِّي صَائِمٌ)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3470 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (2/ 97).
قَالَ أَبُو حَاتِمٍ اسْمُ عَمِّهِ عَبْدُ اللَّهِ بْنُ الْمُغِيرَةِ بْنِ أَبِي ذُبَاب الدَّوْسِيُّ وَهُوَ الْحَارِثُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْمُغِيرَةِ بْنِ أَبي ذباب

বাংলা

৩৪৭০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “শুধু পানাহার থেকে বিরত থাকা সিয়াম নয়, বস্তুত সিয়াম হলো অনর্থক ও অশ্লীল কাজ থেকে বিরত থাকা। যদি তোমাকে কেউ গালী দেয়, অথবা তোমার সাথে অজ্ঞতাপূর্ণ আচরণ করে, তবে বলো, “নিশ্চয়ই আমি সিয়াম রেখেছি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “খালিদ বিন আব্দুর রহমানের চাচার নাম আব্দুল্লাহ বিন মুগীরা বিন আবূ যুবাব আদ দাওসী। তিনি হলেন হারিস বিন আব্দুর রহমান বিন মুগীরা বিন আবূ যিবাব।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৯৯৬; সুনান বাইহাকী: ৪/২৭০; হাকিম: ১/৪৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আত তারগীব: ২/৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92804

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন